নতুন পাবলিক ইস্যু আবেদন পদ্ধতি গ্রাহকদের করণীয়

- ১. পাবলিক ইস্যুতে আবেদনকারীগণ প্রসপেক্টাস এর সারসংক্ষেপ প্রকাশনার ২৫ কার্যদিবসের মধ্যে নিন্মোক্ত পদ্ধতিতে আবেদন জমা দিবেঃ
- ক) অনিবাসী বাংলাদেশী এবং বিদেশী নাগরিকগণ ব্যতিত অন্যান্য আবেদনকারীগণ তাদের যে সকল স্টকব্রোকার/মার্চেন্ট ব্যাংকার এর সঙ্গে BO হিসাব আছে তাদের নিকট আবেদন জমা দিবে।
- খ) অনিবাসী বাংলাদেশী এবং বিদেশী নাগরিকগণ তাদের যে সকল ব্যাংকের অনুমোদিত ডিলার (A/D) শাখায় NITA/ বৈদেশিক মুদ্রা হিসাব আছে সে সকল শাখায় আবেদন জমা দিবে। আবেদনের সাথে আবেদনকৃত অর্থ তাদের NITA/ বৈদেশিক মুদ্রা হিসাব হতে কর্তন করার জন্য সংশ্লিষ্ট ব্যাংক-কে ক্ষমতাও প্রদান করবে।
- ২. আবেদন নির্ধারিত কাগজ অথবা ইলেক্ট্রনিক ফরম এ জমা দেয়া যাবে। আবেদনে গ্রাহক এর হিসাব নং, নাম, বিও হিসাব নং, আবেদনকৃত সিকিউরিটিজ এর সংখ্যা, মোট অর্থের পরিমান এবং আবেদনকারীর ক্যাটাগরি উলেম্বখ করতে হবে। আবেদনের সাথে আবেদনকারী সংশিম্বস্ট স্টকব্রোকার/মার্চেন্ট ব্যাংকার/ব্যাংক শাখায় (অনিবাসী বাংলাদেশী এবং বৈদেশিক নাগরিক) তাদের হিসাবে আবেদনের অর্থ জমা দিবে। এড়োত্রে গ্রাহক কোন মার্জিন অথবা ঋণ সুবিধা পাবে না।
- ৩. স্টকব্রোকার/মার্চেন্ট ব্যাংক সমূহ গ্রাহকদের আবেদনের সমুদয় অর্থ ``Public Issue Application Account'' নামে একটি ভিন্ন ব্যাংক হিসাবে জমা দিবে যা আবেদন প্রক্রিয়া সম্পন্ন হওয়া পর্যন্থ উক্ত হিসাবে জমা থাকবে। লটারীর ফলাফল প্রাপ্তির পরে অকৃতকার্য আবেদনকারীগণ তাদের জমাকৃত অর্থ উত্তোলন অথবা পরবর্তী পাবলিক ইস্যুতে আবেদন করার জন্য জমা রাখতে পারবেন।